

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৭.১৮.৩২৮

তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: এম.পি.ও.সিটে শিক্ষা প্রতিষ্ঠানের নাম সংশোধন প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৩৭৬.২০১৯.৩৩৪৩ তারিখ:
২২.০৯.২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষীপুর জেলার সদর উপজেলার চরচামিতা বেগম অজিফা উচ্চ বিদ্যালয়ের এম.পি.ও.সিটে চরচামিতা বেগম অজিফা বালিকা উচ্চ বিদ্যালয় হিসেবে লিপিবদ্ধ আছে। উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক এম.পি.ও.সিটে চরচামিতা বেগম অজিফা উচ্চ বিদ্যালয় হিসেবে সংশোধন করার জন্য অনুরোধ জানিয়েছেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা বর্ণিত প্রতিষ্ঠানে সহশিক্ষা প্রবর্তনের অনুমতিসহ বিদ্যালয়টির নাম চরচামিতা বেগম অজিফা উচ্চ বিদ্যালয় হিসেবে অনুমতি প্রদান করেছেন। অপরদিকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা প্রতিষ্ঠানের এম.পি.ও.সিটে নাম সংশোধনের বিষয়ে বেগম শব্দটি বাদ দিয়ে চরচামিতা অজিফা উচ্চ বিদ্যালয় হিসেবে লিপিবদ্ধ করার জন্য পত্র প্রেরণ করেছেন। বিষয়টি যাচাই পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন আগামী ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-১২-২০১৯

মোঃ কামরুল হাসান
উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৭.১৮.৩২৮/১(৩)

তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) প্রধান শিক্ষক, চরচামিতা বেগম অজিফা বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, লক্ষীপুর।



১৯-১২-২০১৯

মোঃ কামরুল হাসান
উপসচিব